ইতালি নেওয়ার নামে ৪ যুবকের কাছ থেকে হাতিয়ে নিয়েছে কোটি টাকা

ভাল বেতন হবে, জীবন হবে উন্নত। কিন্তু একটু কষ্ট করে জীবনের ঝুঁকি নিয়ে ৩ ঘন্টার পানি পথে ইতালি পৌছানো হবে। এ আশ্বাস দেন মানব পাচারকারী চক্রের সদস্য গাংনী উপজেলার শালদহ গ্রামের বজলুর রহমানের ছেলে ইতালি প্রবাসী টোকন।

অল্প টাকা খরচে ইতালি গিয়ে উন্নত জীবন যাপনের প্রত্যাশায় একই গ্রামের ৪ যুবক দেড় লাখ টাকা করে ৬ লাখ টাকা তুলে দেন ইতালি প্রবাসী টোকনের পরিবারের কাছে।

তবে, অপরাধ বিশ্লেষকরা বলছেন, লোভে পড়ে প্রতারিত হচ্ছেন মানুষ। আর সচেতনতার অভাবেই এমন ঘটনার পুনরাবৃত্তি হচ্ছে বলে দাবি প্রশাসনের।

মানব পাচারকারী চক্রের সদস্য টোকন ভুয়া ভিসা দিয়ে ৪ যুবককে গত ৩০ জুন লিবিয়া নিয়ে একটি নির্জন কক্ষে প্রায় চার মাস আটক রেখে নির্মম নির্যাতন করে। ভিডিও কলে এই নির্যাতন দেখিয়ে ৪ যুবকের পরিবারের কাছ থেকে হাতিয়ে নিয়েছে প্রায় ৯৬ লক্ষ টাকা। অভিযোগ প্রতারিত ওই চার যুবকের।

তাঁরা জানান, লিবিয়ার জনমানবহীন পাহাড়ের নির্জন স্থানে একটি গোডাউনে ৪ যুবককে আটক রেখে নির্যাতন করতো। নির্যাতনের চিত্র ভিডিও কলে পরিবারের লোকজনকে দিয়ে হুমকী দিয়ে দফায় দফায় হাতিয়ে নিয়েছে এই টাকা। পরিবারের লোকজন ৪ যুবকের জীবন বাঁচাতে সহায় সম্বল বিক্রি ও এনজিও থেকে লোন করে তুলে দিয়েছে মানব পাচারকারী টোকনের পরিবারের কাছে।

ওই ৪ যুবকের কাছ থেকে প্রায় কোটি টাকা হাতিয়ে নেওয়া আন্তর্জাতিক মানব পাচারকারী চক্রের হোতা ইতালি প্রবাসী টোকনের বিচার দাবি করেছেন ভুক্তভোগীসহ এলাকাবাসি।

ওই ৪ যুবকের কাছ থেকে পাসপোর্ট নিয়ে দেয়া হয় ইতালির ভিসা, এমনকি বিমানের টিকিটও অগ্রিম কাটা হয়। কিন্তু ইমিগ্রেশনে গিয়ে যুবকরা

জানতে পারেন সবই ভুয়া। দালালদের প্রলোভনে পড়ে লাখ লাখ টাকা খুইয়ে সর্বস্বান্ত অনেক যুবক।

ইতালি প্রবাসি টোকন। ১০/১২ বছর আগেও ছিলেন সুদানে। পরে সেখান থেকে লিবিয়াতে যান। সেখান থেকে জীবনের ঝুঁকি নিয়ে পানি পথে পাড়ি জমান ইতালিতে।

মুঠোফোনে কথা হয় তাঁর নিজ গ্রাম গাংনী উপজেলার শালদহ এলাকার খবির উদ্দীনের ছেলে স্বপন আলী, ইউসুব আলীর ছেলে কামরুজ্জামান, খলিলুর রহমানের ছেলে সামিউল্লাহ ও পার্শ্ববর্তি আলমডাঙ্গা উপজেলার বড়গাংনী গ্রামের মৃতু আনোয়ার হোসেনের ছেলে রফিকুল ইসলামের সঙ্গে।

ভুক্তভোগী স্বপন ও কামরুজ্জামান জানান, কোনো ঝামেলা ছাড়াই তাদের ইতালি পৌঁছে দেয়া হবে, এমন শর্তে টোকনের ভাই আনোয়ার হোসেন আনুর ছেলে আকাশের হাতে তুলে দেওয়া হয় ৪ যুবকের ৬ লাখ টাকা। পাসপোর্টে দেয়ার পর তাঁরা ইতালির ভিসা, একই সঙ্গে কেটে দেই বিমানের টিকিটও।

গত ৩০ জুন ইতালির উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে নিয়ে যান তাদের। বাংলাদেশ থেকে প্রথমে ভারতের চেন্নাই, তারপর শ্রীলংকা হয়ে দুবাই নিয়ে যায়। দুবাইয়ে একটি হোটেলে ৩ দিন রাখে। তারপর মিশর হয়ে নিয়ে যায় লিবিয়াতে। লিবিয়া একটি স্থানীয় বিমান বন্দরে আমাদের নামিয়ে দেন। সেখান থেকে গাড়িতে করে ৪ দিনের পথ পেরিয়ে নিয়ে যায় ত্রিপুর নামে একটি পাহাড় এলাকায়। নির্জন পাহাড়ের উপর একটি গোডাউনে পৌছে দেই আমাদের। ওই গোডউনে আমাদের মত আরও ৫০/৬০ জন অবস্থান করছেন। ওখানে গিয়েই জানতে পারলাম আমরা প্রতারণার শিকার হয়েছি। তিনি জানান, টাকার লেনদেন টোকনের বাড়িতে বসেই হয়।

ভুক্তভোগী স্বপন আলী বলেন, ‘আমাকে ইতালি পাঠানো হবে এ প্রলোভনে পড়ে আমি প্রতারিত হই। আগে বুঝতে পারিনি, তাহলে এই ফাঁদে পা দিতাম না। আমার কাছ থেকে ২৪ লাখ ২৫ হাজার টাকা নিয়েছে টোকনের ভাইস্তে আকাশ। আমি আমার টাকা ফেরত চাই, আর এ দালালচক্রের বিচার চাই।’

আরেক ভুক্তভোগী কামরুজ্জামান। তিনি বলেন, ‘টোকনের প্রতারণার ফাঁদে পড়ে আমিসহ তিন যুবক সর্বস্বান্ত হয়েছি। কেউ সুদে টাকা এনে, কেউ এনজিও থেকে ঋণ এনে তাকে ৯৬ লাখ টাকা হাতে তুলে দিয়েছে এ

প্রত্যেকটি মামলা নিখুঁতভাবে তদন্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করেছে। অনেকেই গ্রেফতারও হয়েছে। বেকার যুবকরা সচেতন হলে এসব প্রতারকের হাত থেকে রক্ষা পেতে পারে। সচেতনতার বিকল্প কিছুই নেই।’

গাংনীতে গত দুই মাসে আইন শৃংখলার চরম অবনতি

গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় একের পর এক বোমা ও কাফনের কাপড় পাঠিয়ে প্রাণনাশের হুমকী দিচ্ছে দূর্বৃত্তরা। এছাড়া বিভিন্ন স্থানে চুরি ডাকাতি ছিনতাইয়ের ঘটনায় আতংকিত হয়ে উঠছে গাংনীর জনপদ। এসব ঘটনায় এখন পর্যন্ত পুলিশী ভূমিকা না থাকা ও আসামি গ্রেফতার না হওয়ায় জনমনে বিরুপ প্রতিক্রিয়া তৈরী হয়েছে। এসব চুরি ডাকাতি ছিনতাই ও বোমা উদ্ধারের ঘটনায় এখনো পুলিশ কাউকে আটক করতে পারেনি।

পুলিশের নিস্ক্রিয়তা ও পর্যাপ্ত টহল না থাকায় এই জনপদে, চুরি ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা বেড়েছে বলে মতামত ব্যক্ত করেছেন এলাকাবাসি। তবে পুলিশ বলছে, ৫ তারিখের পর কিছুদিন পুলিশী টহল নিস্ক্রিয় থাকলেও এখন এলাকায় পুরোদমে টহল ও কার্যক্রম চলছে।

তথ্যমতে, গত এক মাসে গাংনী উপজেলার পৃথক পৃথক ৪ টি বসত বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হাত বোমা, কাফনের কাপড়, সাবান, আগরবাতি ও হুমকী সংবলিত চিরকুট রেখেছে দূর্বৃত্তরা। একটি বাড়িতে বোমার বিস্ফোরণ ঘটায় দূর্বৃত্তরা। এছাড়া গত দুই মাসে প্রায় ১০ টিরও বেশি চুরি ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

গত সোমবার (২৮ অক্টোবর) সকালের দিকে গাংনী পৌরসভার চৌগাছা গ্রামে বস্তা ব্যবসায়ী জয়নাল আবেদীনের বাড়ির গেট থেকে লালস্কসটেপ মোড়ানো দুটি হাত বোমা, এক টুকরো কাফনের কাপড় এবং প্রাণনাশের হুমকি সম্বলিত একটি চিরকুট উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

ব্যবসায়ী জয়নাল আবেদীন জানান, সকালে বাড়ির প্রধান ফটকে লাল

ডাকাতদের হামলায় যাত্রীবাহী যানবাহনের চালক, তাঁর সহকারীসহ কয়েকজন আহত হয়েছেন।

এ ঘটনায় দুজন গুরুতর আহত হন। তাঁরা হলেন শ্যামলী পরিবহনের চালক মোস্তাফিজুর রহমান (৫০) ও তাঁর সহকারী রহিদুল ইসলাম (৩৩)।

আহত অবস্থায় তাঁদের প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে অবস্থার অবনতি হলে তাঁদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

আহতরা জানান, ২০ থেকে ২২ জনের একটি ডাকাত দল সড়কের ওপর গাছ ফেলে পরিবহনের গতিরোধ করে ডাকাতি শুরু করে। এসময় বাধা দিলে চালকের সহকারী রহিদুল ইসলাম ও চালক মোস্তাফিজুর রহমানকে রামদা দিয়ে কুপিয়ে জখম করে। এসময় যাত্রীদের কাছ থেকে টাকা, স্বর্ণালংকার ও মুঠোফোন কেড়ে নিয়ে যায়। এসময় সড়কে যাতায়াত করা অ্যাম্বুলেন্স, মাইক্রোবাস, আলগামন, নছিমনসহ বেশ কয়েকটি গাড়ির গতি রোধ করেন ডাকাত দলের সদস্যরা।

এছাড়া গত ৬ সেপ্টেম্বর দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী উপজেলার করমদি-ভোমরদহ রাস্তার চোরপোতা ভিটাপাড়া এলাকায় ঔষধ কোম্পানির দুই বিক্রয় প্রতিনিধির (রিপ্রেজেন্টেটিভ) বোমা হামলা ও ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নগদ ২০ হাজার টাকা ও একটি মোটরসাইকেল ছিনতাই করে দুর্বৃত্তরা।

এ ঘটনায় গ্লোব ফার্মাসিউটিক্যাল কোম্পানির (ভেটেরিনারি) প্রমোশন অফিসার মাজেদুল ইসলাম (৩৫) ও ইথিক্যাল ড্রাগস কোম্পানির বিক্রয় প্রতিনিধি মিরাজ আলী (৩৮) গুরুতর আহত হয়েছেন।

আহত জানান, তাঁরা সীমান্তবর্তী তেঁতুলবাড়িয়া, করমদি, পলাশীপাড়া এলাকা থেকে ঔষধ ব্যবসায়ীদের কাছ থেকে টাকা উত্তোলন করে মোটরসাইকেলযোগে গাংনী ফিরছিলেন। তেঁতুলবাড়িয়া থেকে ভোমরদহ রাস্তা দিয়ে চোরপোতা এলাকায় পৌঁছালে ৬/৭ জনের একদল সশস্ত্র ছিনতাইকারী তাদের পথরোধ করে। মোটরসাইকেলের চাবি কেড়ে নিতে চায়। চাবি দিতে না চাওয়ায় প্রথমে হাতে ধারালো অস্ত্র দিয়ে কোপ মারে। পরে হাতে একটি বোমা মারে। বোমা ও অস্ত্রের আঘাতে মাটিতে লুটিয়ে পড়লে পকেটে থাকা ২০ হাজার টাকা ও একটি মোটরসাইকেল ছিনতাই করে পালিয়ে যায় ছিনতাইকারীরা।

গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার দিবাগত রাত আটটার দিকে গাংনী-

এসব ঘটনায় আজো কেউ আটক হয়নি। উদ্ধার করা সম্ভব হয়নি চুরি ও ডাকাতি করা মালামাল। গত সেপ্টেম্বর ও চলতি আগষ্ট মাসে আরো কয়েকটি ছিনতাই ও চুরির ঘটনা ছাড়াও চলেছে নীরব চাঁদাবাজি। ভয়ে ভুক্তভোগিরা নিরাপত্তার কথা বিবেচনা করে কেউ পুলিশের কাছে অভিযোগ করেনি।

এলাকাবাসির অভিযোগ আগে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার আকবপুর নামক এলাকায় রাত ৯ টা থেকে ভোররাত পুলিশের টহল থাকত। এখন রাতের বেলায় আগের মত পুলিশ দেখা যায় না। এ কারণে দুস্কৃতিকারীরা সক্রিয় হয়ে উঠেছে।

গাংনী উপজেলার বেশ কয়েকটি পুলিশ ক্যাম্প থাকলেও গত ৫ আগস্ট আওয়ামীলীগ সরকারের পতনের পর পুলিশ ফাড়ির পুলিশ একরকম নিষিক্রয় হয়ে পড়েছে। দ্রুত সময়ের মধ্যে দুষ্কৃতিকারীদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন এলাকাবাসি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনী ইসরাইল জানান, গাংনীর বিভিন্ন এলাকায় এখন পুলিশের দৃশ্যমান উপস্থিতি আছে। আমরা এখন জনগণের সেবায় সার্বক্ষনিক নিয়োজিত আছি। বিভিন্ন ঘটনায় তদন্ত ও আসামিদের ধরতে পুলিশের অভিযানও শুরু হয়েছে।

এবিষয়ে মেহেরপুর এডিশনাল এসপি সার্কেল আব্দুল করিম বলেন, বিগত ৫ তারিখের পর কিছুদিন পুলিশের তৎপরতা কম থাকলেও এখন পুলিশী টহল এবং কার্যক্রম পুরোদমে চলছে। চুরি ডাকাতির কোনো ঘটনায় আমাদের কাছে কেউ অভিযোগ করেনি। তবে, বোমা, কাফনের কাপড় বা অন্যান্য ঘটনাগুলোতে পুলিশের পক্ষ থেকে অনুসন্ধান চলছে। গাংনীর বিভিন্ন এলাকায় অপরাধীদের আটকের জন্য অভিযান চালছে। আতংকিত না হয়ে পুলিশকে তথ্য দিয়ে সহযোগীতার আহবান জানান তিনি।

গাংনী মহিলা ডিগ্রী কলেজের

এডহক কমিটির সভাপতি হলেন শিক্ষক আব্দুর রাজ্জাক

গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক, গাংনী সরকারি ডিগ্রী কলেজের খন্ডকালিন অধ্যক্ষ, বিশিষ্ট শিক্ষাবিদ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠাণ ও সামাজিক সাংস্কৃতিক সংগঠণের সৃষ্টা আব্দুর রাজ্জাক গাংনী মহিলা ডিগ্রী কলেজের এ্যাডহক কমিটির সভাপতি মনোনীত হয়েছেন।

গত ২৩ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক আব্দুল হাই সিদ্দিক সরকার স্বাক্ষরিত অনুমোদনপত্রে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

এডহক কমিটির অনুমোদনপত্রে বলা হয়েছে, এ কমিটি অনুমোদনের তারিখ থেকে ৬ মাস পর্যন্ত মেয়াদ থাকবে। এ সময়ের মধ্যে নিয়মিত গভর্নিং বডি গঠনের কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

জানা গেছে, এডহক কমিটির আকার হবে ৫ সদস্য বিশিষ্ট। আইন ও বিধি অনুযায়ী সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য নিয়োগ দিয়ে থাকেন ভাইস চ্যান্সেলর। বাকি তিন জনের মধ্যে অধ্যক্ষ পদাধিকার বলে সদস্য সচিব। প্রতিষ্ঠাতা একজন। প্রতিষ্ঠাতা সদস্য না থাকলে দাতা ও হিতৌষিদের মধ্য দিকে একজনকে সদস্য হিসেবে সভাপতি মনোনীত করতে পারবেন। এছাড়াও শিক্ষক প্রতিনিধি হিসেবে একজন থাকবেন। প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে শিক্ষকদের মধ্য থেকে একজনকে সদস্য নির্বাচিত করতে হবে।

এদিকে বিএনপি নেতৃবৃন্দের মধ্য থেকে সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য করে কমিটি অনুমোদনের বিষয়ে স্বাগত জানিয়েছেন গাংনী উপজেলার বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

এর আগে গত ১৮ সেপ্টেম্বর বিএনপি নেতা জাফর আকবরকে এডহক কমিটির সভাপতি করে অনুমোদন দিয়েছিল।
কমিটির ঘোষণার সাথে সাথে গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী ও এডহক কমিটির সভাপতি জাফর আকবরের পদত্যাগের দাবিতে ফুঁসে ওঠে গাংনীর মানুষ। এনিয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা পরিষদের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির নেতা শাজাহান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য দেন সিনিয়র শিক্ষক অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক বেদারুল আলম ও সহকারি অধ্যাপক সাজেদুর রহমান বুলু। কলেজের শিক্ষক সাজেদুর রহমান বুলু বলেন, ঐতিহ্যবাহী মহিলা ডিগ্রি কলেজের ম্যানেজিং সভাপতি করার জন্য এলাকার সর্বজন শ্রদ্ধেয়, গ্রহণযোগ্য ও শিক্ষীত ব্যাক্তির নাম প্রস্তাব করেন। কিন্তু দুনীর্তিবাজ অধ্যক্ষ খোরশেদ আলী ও কলেজের কয়েকজন শিক্ষক সেই দাবীকে পাশ কাটিয়ে এলাকার বিতর্কিত ব্যক্তি জাফর আকবরকে গভর্নিং বডির এডহক কমিটির গঠনের লক্ষ্যে সভাপতি ও বালিয়াঘাট প্রাথমিক বিদ্যালয়ের সদ্য অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাব উদ্দীনকে বিদ্যুৎসাহী সদস্য নিয়োগ দেওয়ার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বরাবর সুপারিশ পাঠান। বিষয়টি প্রকাশ পাওয়ার পর পরই ফুঁসে ওঠে স্থানীয়রা। এ সময় গাংনী পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও গাংনী মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের শিক্ষক মোস্তাফিজুর রহমান, গাংনী উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, বিএনপি নেতা ইনামুল হকসহ বিভিন্ন শ্রেনী পেশার লোকজন উপস্থিত ছিলেন।

গাংনীতে আওয়ামী লীগ নেতা এম এ খালেক ও এ্যাড. শফিকুল আলম আটক

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক ও যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট একেএম শফিকুল আলমকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২)।

গতকাল মঙ্গলবার (২৯ অক্টোবর) দিবাগত রাতে র্যাবের পৃথক টিম তাঁদের বাড়িতে আলাদা আলাদা অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গাংনী থানা এই তথ্য নিশ্চিত করেছেন।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক গাংনী উপজেলা পরিষদের সদ্য সাবেক চেয়ারম্যান এবং অ্যাডভোকেট একেএম শফিকুল আলম ২০০৯ সালে গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প সুত্রে জানা গেছে, বর্তমান সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন করার জন্য আইন শৃংখলা পরিস্থিতির অবনতি এবং ধ্বংসাত্মক কার্যকলাপ করার জন্য তারা দুজন নিজ নিজ বাড়িতে আওয়ামী সমর্থীত লোকজন নিয়ে ষড়যন্ত্র করছিলেন।

গোপন সুত্রে খবর পেয়ে তাদের বাড়িতে অভিযান চালানো হয়। এসময় অন্যান্যরা পালিয়ে গেলেও তাঁদের দুজনকে আটক করা হয়। এই দুজনকে আদালতে সোপর্দ করার লক্ষ্যে গাংনী থানায় প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার সূত্র জানান, তাদের ১৬১ ধারায় আটক দেখিয়ে আদালতে নেওয়া হবে।

উল্লেখ্য, ৫ আগষ্ট ছাত্র-জনতার বিপ্লবের মধ্য দিয়ে আওয়ামী লীগ সরকারের পতনের পর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক গাঁ ঢাকা দিলেও যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান একে এম শফিকুল আলম বাড়িতেই ছিলেন।

গাংনী সরকারি ডিগ্রী কলেজর অবসরপ্রাপ্ত অধ্যাপক আব্দুর রশিদ আর নেই

গাংনী সরকারি ডিগ্রী কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক (অবসরপ্রাপ্ত), প্রফেসর আব্দুর রশিদ ঢাকা ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ বুধবার (৩০ অক্টোবর) ভোর ৪ টার সময় ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)।

তাঁর স্ত্রী, এক ছেলে এক মেয়ে, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব, সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।

অধ্যাপক আব্দুর রশিদের একমাত্র ছেলে সাহেদ এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বাবা ঢাকাতে আমার বোনের বাসাতে বছর খানেক অবস্থান করছিলেন। সেখানেই বেশ কয়েকদিন যাবৎ অসুস্থ ছিলেন। গতকাল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপকারভোগীদেরকে পরামর্শ প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়াও উপস্থিত ছিলেন পিএসকেএসের সহকারী পরিচালক (প্রশিক্ষণ) মোঃ সাইফুল ইসলামি এবং সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ ।

মেহেরপুরে সারের দোকানে ভোক্তার অভিযান, ৪৩ হাজার টাকা জরিমানা

সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বস্তা প্রতি ৪২০ টাকা বেশি দামে টিএসপি সার বিক্রি, কেনা-বেচার ভাউচার না রাখা ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক সংরক্ষণ করে বিক্রির অপরাধে তিনটি সার ডিলার প্রতিষ্ঠানের কাছ থেকে ৪৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) দুপুর থেকে বিকাল সাড়ে ৫ টা পর্যন্ত মেহেরপুর শহরের কাথুলি রোড ও সদর উপজেলার উজলপুর এলাকায় পৃথক তিনটি দোকানে অভিযান পরিচালনা করেন।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ জানান, সরকার নির্ধারিত দাম ১৩৫০ টাকা সেখানে বস্তা প্রতি ৪২০ বেশি দামে ১৭৫০ টাকা দরে টিএসপি সার বিক্রির অভিযোগে মেহেরপুর শহরের কাথুলি সড়কের মেসার্স জামান এন্টারপ্রাইজ নামক সার ডিলারের মালিক মো: মামুনুজ্জামানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া এবং ভবিষ্যতের এধরণের কাজ না করার জন্য সতর্ক করা হয়।

এছাড়া উজলপুরে মেসার্স ন্যাশনাল এন্টারপ্রাইজ নামক সার ডিলার প্রতিষ্ঠানে সারের বিক্রি ভাউচার প্রদান না করা ও ভাউচারের

কার্বন কপি সংরক্ষণ না করার অপরাধে প্রতিষ্ঠানটির ম্যানেজার মো: আজাদকে একই আইনের ৪৫ ধারায় ২০ হাজার টাকা ও সার-কীটনাশক বিক্রির প্রতিষ্ঠানে সারের কেনা-বেচার ভাউচার না রাখা ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক সংরক্ষণ করে বিক্রি করার অপরাধে মেসার্স মমিন ট্রেডার্সের মালিক মো: চঞ্চলকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪৫ ও ৫১ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান সহযোগিতায় ছিলেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

গাংনীতে গাঁজাসহ নারী আটক

গাংনীতে ১০০ গ্রাম গাঁজাসহ রোজিনা খাতুন (৩৫) নামের এক নারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটক রোজিনা খাতুন গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের সীমান্তবর্তি বর্ডারপাড়া এলাকার মজনু আলীর স্ত্রী।
গতকাল রবিবার দিবাগত রাতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শিমুল বিল্লাহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ তাঁর বাড়িতে অভিযান চালিয়ে রোজিনা খাতুনকে আটক করে।

এসআই শিমুল বিল্লাহ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে ওই বাড়িতে অভিযান চালানো হয়। রোজিনাকে আটকের পর তাঁর স্বীকারোক্তী মোতাবেক ঘর থেকে ১০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

এদিকে এলাকাবাসি নাম প্রকাশ না করার শর্তে জানান, রোজিনা খাতুন তার ছেলেসহ মাদক ব্যবসা চালিয়ে আসছে। পুলিশী অভিযানের কথা টের পেয়ে ছেলে পালিয়ে গেছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

নাসির,জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, আলফাজ উদ্দিন কালু,ইনসারুল হক, উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, যোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, সহ বিভিন্ন ওয়ার্ড থেকে আগত নেতা ও কর্মী বৃন্দরা।

গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন এবং ওয়ার্ড থেকে দলে দলে যুবদলের নেতা ও কর্মী বৃন্দরা সমাবেশে যোগদান করে।